# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকু এবং সিজদার তাসবীহ।

باب مَا جَاءَ فِي التَّسْبِيحِ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنِ ابْنِ أَبِي ذِئْبٍ، عَنْ إِسْحَاقَ بْنِ يَزِيدَ الْهُذَلِيِّ، عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ، عَنِ ابْنِ مَسْعُودٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا رَكَعَ أَحَدُكُمْ فَقَالَ فِي رُكُوعِهِ سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ ثَلاَثَ مَرَّاتٍ فَقَدْ تَمَّ رُكُوعُهُ وَذَلِكَ أَدْنَاهُ . وَإِذَا سَجَدَ فَقَالَ فِي سُجُودِهِ سُبْحَانَ رَبِّيَ الأَعْلَى ثَلاَثَ مَرَّاتٍ فَقَدْ تَمَّ سُجُودُهُ وَذَلِكَ أَدْنَاهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ حُذَيْفَةَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ مَسْعُودٍ لَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ . عَوْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ لَمْ يَلْقَ ابْنَ مَسْعُودٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُّونَ أَنْ لاَ يَنْقُصَ الرَّجُلُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ مِنْ ثَلاَثِ تَسْبِيحَاتٍ . وَرُوِيَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ أَنَّهُ قَالَ أَسْتَحِبُّ لِلإِمَامِ أَنْ يُسَبِّحَ خَمْسَ تَسْبِيحَاتٍ لِكَىْ يُدْرِكَ مَنْ خَلْفَهُ ثَلاَثَ تَسْبِيحَاتٍ . وَهَكَذَا قَالَ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ .

বাংলা

২৬১. আলী ইবনু হুজর (রহঃ) .... ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন তোমদের কেউ যদি রুকূতে তিনবার "সুবহানা রাব্বিআল আযীম" পাঠ করে নেয় তবে তাঁর রুকূ পূর্ণ হল। আর এ হল সর্বনিম্ন পরিমান। এমনিভবে কেউ যদি সিজদার মাঝে "সুবহানা রাব্বিআল আলা" তিনবার পাঠ করে নেয় তবে তাঁর সিজদাও পূর্ণ হল। আর এ হল সর্বনিম্ন পরিমাণ। - ইবনু মাজাহ ৮৯০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে হুযায়ফা ও উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীছ বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু এর এই রিওয়ায়াতটির সনদ মুত্তাসিল বা অবিচ্ছিন্ন নয়। ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু এর সাথে রাবী আওন ইবনু আবদিল্লাহ (রহঃ) এর সাক্ষাৎ হয়নি। আলিম ও

ফকীহগণ এই হাদিস অনুসরে আমল করেছেন। তাঁরা রুকূ এবং সিজদায় তাসবীহ পাঠের ক্ষেত্রে তিনবার অপেক্ষা কম না করা মুস্তাহাব বলে মত পোষণ করেন। ইবনু মুবারক (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন ইমামের জন্য পাঁচবার করে তাসবীহ পাঠ করা মুস্তাহাব যাতে তাঁর পিছনে যারা আছে তাঁরা যেন তিনবার তা পাঠ করার সুযোগ পায়। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ও অনুরূপ মত ব্যক্ত করেছেন।

## English

Ibn Mas'ud narrated that :
the Prophet said: "When one of you bows then says while he is bowing: (Subhana Rabbiyal Azim) 'Glorious is my Lord the Magnificent' three times, then he has completed his bowing. And that is the least of it. And when he prostrates and says while prostrating: (Subhana Rabbiyal A'la) 'Glorious is my Lord the Most High' three times, then he has completed his prostrations, and that is the least of it.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17450

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন